

প্রাচীন কলমে

১। নীচের সঠিক উত্তরটি নির্বাচন করে পাশে টিক (✓) চিহ্ন দাও :

- (ক) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর যে জেলায় জন্মগ্রহণ করেন তা হল— (বাঁকড়া/ বীরভূম/ মেদিনীপুর/ হুগলি)।
- (খ) ঈশ্বরচন্দ্র জন্মগ্রহণ করেন—(১৮২০ খ্রিস্টাব্দে/১৮২৫ খ্রিস্টাব্দে/১৮১৫ খ্রিস্টাব্দে/১৮২২ খ্রিস্টাব্দে)
- (গ) ঈশ্বরচন্দ্রের গ্রামের পাঠশালার মাস্টার মশায়ের নাম—(রবি কিঙ্কর চট্টোপাধ্যায়/ কালীকান্ত চট্টোপাধ্যায়/মণিকিঙ্কর চট্টোপাধ্যায়/এদের কেউই নন)।
- (ঘ) 'বর্ণপরিচয়' বইটির লেখক—(বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়/ঠাকুরদাস বন্দ্যোপাধ্যায়/ ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর/কালীকান্ত চট্টোপাধ্যায়)।
- (ঙ) ঈশ্বরচন্দ্র মারা যান—(১৮৯২ খ্রিস্টাব্দে/১৮৯১ খ্রিস্টাব্দে/১৮৯০ খ্রিস্টাব্দে/ ১৮৯৩ খ্রিস্টাব্দে)

২। নীচের বাক্যগুলি শুদ্ধ হলে পাশে 'শু' এবং অশুদ্ধ হলে পাশে 'অ' লেখো।

- (ক) ঈশ্বরচন্দ্র অত্যন্ত মেধাবী ছিলেন।
- (খ) ঈশ্বরচন্দ্র পায়ে হেঁটে কলকাতা এসেছিলেন।
- (গ) রাধামোহন বিদ্যাভূষণ ছিলেন ঈশ্বরচন্দ্রের জেঠামশায়।
- (ঘ) ঈশ্বরচন্দ্র কলকাতায় এসে ইংরেজি স্কুলে ভরতি হয়েছিলেন।
- (ঙ) চতুস্পাঠী অর্থ চারটি পথের সমষ্টি।

৩। দু-একটি শব্দে বা বাক্যে উত্তর দাও :

- (ক) 'বিদ্যাশিক্ষা' পাঠ্যাংশের লেখক কে?
- (খ) পাঠ্যাংশ লেখকের কোন্ গ্রন্থের অন্তর্গত?
- (গ) ঈশ্বরচন্দ্রের বাবা ও মায়ের নাম লেখো।
- (ঘ) ঈশ্বরচন্দ্রের জন্মস্থান কোথায়?
- (ঙ) ঈশ্বরচন্দ্রের বিদ্যাশিক্ষা প্রথম কোথায় শুরু হয়?
- (চ) কালীকান্ত চট্টোপাধ্যায় কে?
- (ছ) রাধামোহন বিদ্যাভূষণ বিদ্যাসাগরের কে হন?
- (জ) কার কথায় ঈশ্বরচন্দ্রের বাবা ঈশ্বরচন্দ্রকে সংস্কৃত কলেজে ভরতি করেছিলেন?
- (ঝ) 'মাইল স্টোন' বলতে কী বুঝেছে?
- (ঞ) 'যদি বেঁচে থাকে তবে মানুষ হতে পারবে।'—কে কাকে একথা বলেছেন?
- (ট) ঈশ্বরচন্দ্রের বাবা ইচ্ছানুরূপ সংস্কৃত পড়তে পারেন নি কেন?
- (ঠ) ঈশ্বরচন্দ্রের লেখা দুখানা বইয়ের নাম লেখো।
- (ড) সংস্কৃত কলেজ কোথায় অবস্থিত?
- (ঢ) কারা আদালতে জজপণ্ডিতের পদে নিযুক্ত হতে পারে?
- (ণ) চতুস্পাঠীতে কী পড়ানো হয়?